

৯/১৫

তারিখ 22 OCT 1986
পৃষ্ঠা... ৫...

দৈনিক ইত্তেফাক

22



শিক্ষা প্রতিষ্ঠানকে রাজনীতিমুক্ত রাখিতে হইবে — এরশাদ

বাসস জানায়, প্রেসিডেন্ট এরশাদ বলিয়াছেন, যথাযথ শিক্ষার পরিবেশের মধ্যে ছাত্র-ছাত্রীরা যাহাতে জ্ঞানার্জন করিতে পারে, সেজন্য শিক্ষা-প্রতিষ্ঠানসমূহকে রাজনীতিমুক্ত রাখিতে হইবে। ১৫ই অক্টোবরে প্রেসিডেন্ট নির্বাচনে প্রেসিডেন্ট এরশাদের বিপুল বিজয় উপলক্ষে গতকাল (মঙ্গলবার) পুরাতন সংসদ ভবনে বাংলাদেশ ফেডারেশন (শেষ পৃঃ ১-এর কঃ দঃ)

এরশাদ

(১ম পৃঃ পর)

রেশন অব টিচার এসোসিয়েশনের সদস্যগণ প্রেসিডেন্ট এরশাদকে অভিনন্দন জানাইতে গেলে তাহাদের উদ্দেশ্যে ভাষণ-দানকালে প্রেসিডেন্ট এরশাদ উপরোক্ত মন্তব্য করেন।

প্রেসিডেন্ট বলেন, ভবিষ্যৎ বংশধরদের নির্মাতা হিসাবে স্ব-স্ব শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার স্তর পরিবেশ বজায় রাখার জন্য শিক্ষকদের নিবেদিতপ্রাণ হইতে হইবে।

শিক্ষকদের অবস্থার উন্নয়নে বর্তমান সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করিয়া প্রেসিডেন্ট বলেন, জাতীয় অর্থনীতির সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও বর্তমান সরকার শিক্ষকদের অবস্থার উন্নয়নে যথাসাধ্য কর্মসূচী হাতে নিয়াছেন।

জাতীয় রাজনীতি প্রসঙ্গে প্রেসিডেন্ট বলেন, নৈরাজ্যের পরিবর্তে উন্নয়নের ধারা অগাধ হইয়া নেওয়ার জন্য তিনি রাজনীতিতে গুণগত পরিবর্তন আনয়ন করিতে চাহেন। তিনি বলেন, দেশে প্রবর্তিত এই নয়া রাজনীতির ধারার ফলে দেশের আনাচে-কানাচে জ্ঞানের আলোকবতিকা পৌছানোর পাশাপাশি দেশের অগ্রগতি ও জাতীয় সম্পদের সুরক্ষা বৃদ্ধি নিশ্চিত করিবে।

ফেডারেশনের সদস্যগণ প্রেসিডেন্টকে বিপুলভাবে মাল্যভূষিত করেন। ফেডারেশনের মহাসচিব ও ধর্মমন্ত্রী আলহাজ্ব মাওলানা এম, এ মামান এই সময় উপস্থিত ছিলেন।